

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/সাবঅ-৫৫/২০০৭(অংশ-১)-৪২৬


তারিখ : ২৭ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।
১৮ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

বিষয় : সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার ০২ নং পশ্চিম জাফলং ইউনিয়নের চেয়ারম্যান জনাব মোঃ ফজলুল ইসলাম এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর স্মারক নং-২৬৬, তারিখঃ ০৬ মার্চ, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ ফজলুল ইসলাম, চেয়ারম্যান, ০২ নং পশ্চিম জাফলং ইউনিয়ন পরিষদ, উপজেলা-গোয়াইনঘাট, জেলা-সিলেট গত ০৫/১১/২০০১৫ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন এবং যুক্তিসংগত কারণ ব্যতিরেকে বিদেশে গমনের তারিখ থেকে অদ্যাবধি পরিষদের সভায় অনুপস্থিত রয়েছেন মর্মে জেলা প্রশাসক, জানিয়েছে।। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(জ) ও (ক) অনুযায়ী আপনার এরূপ আচরণ স্বীয় পদ হতে অপসারণ হিসেবে গণ্য।

০২। এমতাবস্থায়, আপনি জনাব মোঃ ফজলুল ইসলাম, চেয়ারম্যান, ০২ নং পশ্চিম জাফলং ইউনিয়ন পরিষদ এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) উপধারা অনুযায়ী কেন আপনাকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, সিলেট এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জনাব মোঃ ফজলুল ইসলাম
০২ নং পশ্চিম জাফলং ইউনিয়ন পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, সিলেট (উল্লিখিত চেয়ারম্যানের নিকট নোটিশ জারীপূর্বক তার মতামতসহ জারি প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।